# লেকচার ১০

- ভূ-রাজনীতি
- কূটনীতিক পরিভাষা
- বিভিন্ন রাষ্ট্রের ধরণ
- বিবিধ বিষয়
- সপ্তাশ্চর্য
- পুরস্কার ও সম্মাননা
- উল্লেখযোগ্য গ্রন্থ ও দিবস

## আন্তর্জাতিক সম্পর্কের কিছু গুরুত্বপূর্ণ ধারণা

- **আন্তর্জাতিক সম্পর্ক:** আন্তর্জাতিক সম্পর্ককে ইংরেজিতে বলা হয় 'International Relations'| জেরোমি বেন্থাম 'InternationalJurisprudence'-এর কথা বলতে গিয়ে International শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন। বর্তমানে International শব্দটি বিভিন্ন জাতির মধ্যে সম্পর্ক বোঝানোর জন্যই ব্যবহৃত হয়। International Relation বা আন্তর্জাতিক সম্পর্ক বলতে একটি দেশের সাথে অন্যান্য দেশ ও আন্তর্জাতিক সংগঠনের সংযোগ ও আদান-প্রদানকে বোঝায়।
- **ভূ-রাজনীতি (Geo-Politics):** প্রাকৃতিক নিয়ামক ও পরিবেশগত উপাদান যখন রাজনীতির উপর বিশেষত আন্তর্জাতিক রাজনীতিতে প্রভাব বিস্তার করে তখন তাকে ভূ-রাজনীতি বলে । ভূ-রাজনীতি শব্দটি প্রথম ব্যবহার করেন রুডলফ ক্যাজলেন নামক একজন জার্মান রাষ্ট্রবিজ্ঞানী ।
- **জাতীয়তাবাদ (Nationalism):** যে চেতনার ফলে কোনো মানুষ বা জনগোষ্ঠী নিজেকে কোনো জাতির অন্তর্ভুক্ত মনে করে, সেই জাতির ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, বিকাশ, অগ্রগতি, ভৌগোলিক অবস্থান, আর্থ-সামাজিক রাজনৈতিক মুক্তির আকাঙ্ক্ষা ইত্যাদির সাথে একাতাবোধ করে সেই চেতনাকে জাতীয়তাবাদ বলে ।
- **সাম্রাজ্যবাদ (Imperialism):** একটি দেশ যখন নিজ স্বার্থে অন্য দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব বিনাশ বা সঙ্কুচিত করে তার ওপর নিজের প্রভুত্ব ও কর্তৃত্ব স্থাপন করার চেষ্টা চালায় তখন তাকে সাম্রাজ্যবাদ বলে। বর্তমানে বিভিন্ন সাম্রাজ্যবাদী রাষ্ট্র এবং তার বড় প্রতিষ্ঠানগুলো বিভিন্ন দেশের অর্থনীতি, খনিজ সম্পদ ও প্রাকৃতিক সম্পদ নিয়ন্ত্রণের মাধ্যমে যে প্রভুত্ব ও কর্তৃত্ব স্থাপন করে তাকে নয়া সাম্রাজ্যবাদ (New Imperialism) বলে।
- **উপনিবেশবাদ (Colonialism):** উপনিবেশ হলো বহিরাগত ব্যক্তিদের দ্বারা বসতি স্থাপনের উদ্দেশ্যে অধিকৃত ও তাদের নিয়ন্ত্রণকারী দেশ। আগে বিভিন্ন শক্তিশালী রাষ্ট্র তুলনামূলক দুর্বল রাষ্ট্রের উপর আগ্রাসন চালিয়ে তাকে নিজেদের উপনিবেশে পরিণত করতো। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে জাতীয়তাবাদী আন্দোলনের প্রেক্ষিতে উপনিবেশগুলো স্বাধীনতা অর্জন করতে থাকে। জাতীয়তাবাদের ফলে উপনিবেশগুলো স্বাধীনতা অর্জন করলে তাদের নিয়ন্ত্রণ করার জন্য উদ্ভূত পন্থা হলো নয়া
- **উপনিবেশবাদ (New Colonialism) :** নয়া উপনিবেশবাদ মূলত অর্থনৈতিক কর্মকাণ্ড নিয়ন্ত্রণ তথা বাজার ব্যবস্থা দখলের মাধ্যমে রাষ্ট্রকে নিয়ন্ত্রণ করাকে বুঝায় । মুক্তবাজার অর্থনীতিকে নব্য উপনিবেশবাদের হাতিয়ার বলা হয়।
- **আঞ্চলিকীকরণ (Regionalisation):** রাষ্ট্র তার বৈশিষ্ট্যের ও প্রয়োজনের আলোকে বিশেষ উদ্দেশ্য সাধনে বিভিন্ন জোটে আবদ্ধ হয়; সেক্ষেত্রে একই অঞ্চলে অবস্থান মুখ্য নয়। এই ধারণাকেই আঞ্চলিকীকরণ বলে। যেমন: মুসলিম দেশগুলোর জোট OIC, ক্রিকেট খেলে এমন দেশগুলো নিয়ে ICC এবং অর্থনৈতিক উদ্দেশ্যে D-8 গঠন আঞ্চলিকীকরণের উদাহরণ।
- **বিশ্বায়ন:** দেশ, ধর্ম, বর্ণ-নির্বিশেষে পৃথিবীর মানুষের অর্থনৈতিক, রাজনৈতিক, প্রযুক্তিগত ও সাংস্কৃতিক নৈকট্য ও একাতার ধারণাই বিশ্বায়ন । বিশ্বায়ন বিশ্বগ্রামের ধারণার মাধ্যমে সীমাহীন রাষ্ট্রের ধারণা দেয়। বিশ্বগ্রাম তত্ত্বের প্রবক্তা কানাডীয় অধ্যাপক ও দার্শনিক মার্শাল ম্যাকলোহান। কমিউনিকেশন স্যাটেলাইট, ফ্যাক্স, ইন্টারনেট ও ই-মেইলের বিস্ময়কর উন্নয়নের ফলে বিশ্বায়ন সম্ভব হয়েছে। বিশ্বায়ন মুক্তবাজার ও মুক্ত অর্থনীতির সহায়ক।
- **নতুন বিশ্ব ব্যবস্থা:** দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে স্নায়ুযুদ্ধ চলাকালীন bi-polarity (দ্বি-মেরুকেন্দ্রিক) বিশ্ব ব্যবস্থা চলতে থাকে। ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়ন এর পতনের ফলে যুক্তরাষ্ট্রের একক ক্ষমতায় uni-polarity (এক-মেরুকেন্দ্রিক বিশ্বব্যবস্থায় বাজার ব্যবস্থা দখলের মাধ্যমে নতুন বিশ্ব ব্যবস্থা গড়ে উঠে।
- **শক্তির ভারসাম্য (Balance of Power):** শক্তির ভারসাম্য/শক্তিসাম্য হলো বিভিন্ন রাষ্ট্রের ক্ষমতার মধ্যে এমন একটি ভারসাম্যের অবস্থা, যার ফলে তাদের মধ্যে কোনো একটি রাষ্ট্র অন্যান্য রাষ্ট্রের ওপর নিজের ইচ্ছা আরোপ করতে পারে না (Prof. Sydney B Fay)। নিরস্ত্রীকরণ (Disarmament): আভিধানিক অর্থে নিরস্ত্রীকরণ বলতে বোঝায় শক্তি প্রয়োগ অথবা সশস্ত্র সংঘর্ষের উদ্দেশ্যে যেসব যন্ত্রপাতি বা উপকরণ ব্যবহৃত হয়, সেগুলোকে হ্রাস করা বা বর্জন করা । আন্তর্জাতিক রাজনীতিতে নিরস্ত্রীকরণ হলো কোনো রাষ্ট্রের স্বেচ্ছায় অস্ত্র উৎপাদন হ্রাস করা, অথবা দুই বা ততোধিক রাষ্ট্রের নিজেদের মধ্যে আলোচনা সাপেক্ষে অস্ত্র উৎপাদন হ্রাস করা ।
- **অস্ত্র নিয়ন্ত্রণ (Arms control):** নিরস্ত্রীকরণের আধুনিক সংস্করণ হলো অস্ত্র নিয়ন্ত্রণ। অস্ত্র নিয়ন্ত্রণ বলতে বোঝায়, অস্ত্রশস্ত্র থাকতে পারে কিন্তু এগুলো নিয়ন্ত্রণের অধীনে আসবে। ১৯৬৩ খ্রিস্টাব্দের ৫ আগস্ট মস্কোতে পারমাণবিক পরীক্ষা বন্ধের চুক্তিতে (Nuclear Test ban Treaty) স্বাক্ষরই প্রথম আশাব্যঞ্জক অস্ত্র নিয়ন্ত্রণ সংক্রান্ত চুক্তি।

## রাষ্ট্র ও কূটনীতি

- **রাষ্ট্র:** রাষ্ট্র বলতে এমন এক রাজনৈতিক সংগঠনকে বোঝায় যা কোনো একটি ভৌগোলিক এলাকা ও তৎসংশ্লিষ্ট এলাকার জনগণের নিয়ন্ত্রণ করার সার্বভৌম ক্ষমতা রাখে। রাষ্ট্রের উপাদান ৪টি। এ ৪টি উপাদানের যে কোনো একটি অনুপস্থিত থাকলে রাষ্ট্র গঠিত হতে পারে না।
  ১. **জনসমষ্টি:** জনসমষ্টি রাষ্ট্রের প্রথম উপাদান। রাষ্ট্র গঠনে জনসমষ্টি অপরিহার্য। জনহীন অরণ্যে বা জনশূন্য মরুভূমিতে কখনোই রাষ্ট্র গঠিত হতে পারে না। রাষ্ট্রের জনসংখ্যা কত হবে তার কোনো নির্দিষ্ট নিয়ম নেই। রাষ্ট্রে জনগণের প্রধান কর্তব্য হলো- রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করা।
  ২. **নির্দিষ্ট ভূখণ্ড:** যে জনসমষ্টি রাষ্ট্রগঠন করবে তাদেরকে অবশ্যই একটি নির্দিষ্ট ভূখণ্ডে স্থায়ীভাবে বসবাস করতে হবে।
  ৩. **সরকার:** সরকার ব্যতীত জনসমষ্টি নির্দিষ্ট ভূখণ্ডে বসবাস করে রাষ্ট্র গঠন করতে পারে না ।
  ৪. **সার্বভৌমত্ব:** এটি রাষ্ট্রের চরম ও চূড়ান্ত ক্ষমতা। এ ক্ষমতার জন্য জনসমষ্টি রাষ্ট্রে পরিণত হয়। এ ক্ষমতা রাষ্ট্রকে অন্যান্য সংস্থা থেকে পৃথক করে ।
- **রাষ্ট্রের সীমা:** আইনসভা কর্তৃক অনুমোদিত অঞ্চল হবে রাষ্ট্রের সীমা। দুটি রাষ্ট্রের মধ্যবর্তী ভিত্তিরেখা (০ রেখা) থেকে ১৫০ গজ পর্যন্ত অঞ্চল No Mans Land হিসেবে বিবেচিত হয়। এছাড়াও, ভূমি থেকে ১০০ কিলোমিটার বা ৬২ মাইল এলাকা রাষ্ট্রের আকাশসীমা হিসেবে বিবেচিত হয়ে থাকে।

- **বাফার রাষ্ট্র (Buffer State):** বাফার রাষ্ট্র হচ্ছে দুই বা ততোধিক বৃহৎ শক্তিধর রাষ্ট্রের মধ্যে এক বা একাধিক সামরিক ও পর অর্থনৈতিকভাবে দুর্বল ছোট রাষ্ট্র। বাফার স্টেট মূলত দুটি শক্তিশালী রাষ্ট্রের মধ্যে সামরিক Shock Absorber হিসেবে কাজ করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে বেলজিয়াম বাফার রাষ্ট্র হিসেবে ব্যবহৃত হয়েছে।
- **জনকল্যাণমূলক রাষ্ট্র (Welfare State):** সাধারণত জনগণের মৌলিক অধিকার সংরক্ষণকারী রাষ্ট্রই জনকল্যাণমূলক রাষ্ট্র হিসেবে বিবেচিত হয়। সমাজবিজ্ঞানী T H Marshal তাঁর ১৯৪৯ সালের Citizenship and Social Class নামক এক নিবন্ধে তিনি গণতন্ত্র, কল্যাণ ও পুঁজিবাদের ধারণার আলোকে আধুনিক কল্যাণ রাষ্ট্রের বর্ণনা করেছেন। জনকল্যাণমূলক রাষ্ট্রের উদাহরণ হিসেবে কানাডা, নিউজিল্যান্ড, বেলজিয়াম, স্ক্যান্ডেনিভিয়ান দেশসমূহের কথা বলা যায় ।
- **উপগ্রহ রাষ্ট্র (Satellite State):** একটি শক্তিশালী রাষ্ট্রের প্রভাবে থাকা দুর্বল রাষ্ট্রটিকে উপগ্রহ রাষ্ট্র বা Satellite State বলে। এটি নব্য- উপনিবেশ বা Puppet state হিসেবে বিবেচিত । উদাহরণস্বরূপ বর্তমানে ভারতের কাছে ভুটান, সৌদি আরবের কাছে বাহরাইনকে বলা যায় ।
- **কলা প্রজাতন্ত্র (Banana Republic):** রাজনৈতিকভাবে ভঙ্গুর রাষ্ট্রকে কলা প্রজাতন্ত্র বলে। রাষ্ট্রবিজ্ঞানে এই শব্দটি রাজনৈতিকভাবে অস্থিতিশীল বিশেষত কলার মতো একমাত্র রপ্তানি পণ্যের উপর নির্ভরশীল মধ্য আমেরিকার দেশগুলোর ক্ষেত্রে প্রায়ই ব্যবহৃত হয়ে থাকে। যেমন: সোমালিয়া, কঙ্গো।
- **De Facto:** রাষ্ট্র হিসেবে জনসমষ্টি, সরকার, ভূ-খণ্ড, সম্পদের ওপর কর্তৃত্ব, চলাচলের স্বাধীনতা ও রাষ্ট্রের সকল আনুষ্ঠানিকতা আছে শুধু সার্বভৌমত্ব নেই। অর্থাৎ, সার্বভৌমত্বহীন ভূ-খণ্ডই ডি ফ্যাক্টো । উদাহরণ: তাইওয়ান, গ্রীনল্যান্ড, হংকং।
- **De Jure:** ভূ-খণ্ডের উপর রাজত্ব করার আন্তর্জাতিক স্বীকৃতি আছে এমন ভূ-খণ্ডই De Jure ।

**রাষ্ট্র সম্পর্কিত বিভিন্ন বিষয়ের প্রবক্তা ও জনক**

| তত্ত্ব | প্রবক্তা | তত্ত্ব | প্রবক্তা |
|---|---|---|---|
| সমাজতন্ত্র | কার্ল মার্কস | আধুনিক রাষ্ট্রবিজ্ঞান | নিকোলো ম্যাকিয়াভেলি |
| আমলাতন্ত্র | ম্যাক্স ওয়েবার | আধুনিক গণতন্ত্র | জন লক |
| রাষ্ট্রবিজ্ঞান | এরিস্টল | | |

## ভোটাধিকার (Suffrage)

ভোট গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় রাষ্ট্রের প্রত্যেক প্রাপ্ত বয়স্ক নাগরিকের মৌলিক অধিকার। গণতন্ত্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উপাদান হলো ভোটাধিকার নির্বাচন হলো গণতন্ত্রের বাহন।

| | | |
|---|---|---|
| বিভিন্ন দেশের নারীদের ভোটাধিকার লাভ | • নিউজিল্যান্ড, ১৮৯৩ সালে প্রথম<br>• অস্ট্রেলিয়া- ১৯০২ সালে<br>• যুক্তরাজ্যে- ১৯৮ সালে | • যুক্তরাষ্ট্র- ১৯২০ সালে<br>• বাংলাদেশ- ১৯৩৫ সালে<br>• সৌদি আরব- ২০১২ সালে |

**কূটনৈতিক বিভিন্ন পরিভাষা**

| | |
|---|---|
| Persona-non-grata | কোনো দেশ তার দেশে অন্য কোনো দেশের কোনো কূটনীতিককে যেকোনো কারণ ব্যাখ্যা ছাড়াই অবাঞ্ছিত ঘোষণা করতে পারে তখন ঐ কূটনীতিককে Persona-non-grata বলে |
| Ping Pong Doplomacy | ১৯৭১ সালে চীনের আমন্ত্রণে মার্কিন যুক্তরাষ্ট্রের টেবিল টেনিস (Ping Pong) দল চীন সফর করে। এতে চীন-মার্কিন সম্পর্কের ক্ষেত্রে নতুন সম্ভাবনার দ্বার উন্মুক্ত হয়। এজন্য এর নাম Ping Pong Diplomacy |
| Ambassador | জাতিসংঘভুক্ত রাষ্ট্রসমূহের সর্বোচ্চ কূটনীতিকদের অ্যাম্বাসেডর বলে । |
| High Commissioner | কমনওয়েলথভুক্ত দেশসমূহে অন্য কমনওয়েলথভুক্ত দেশের সর্বোচ্চ কূটনীতিককে হাইকমিশনার । (High Commissioner) বলে । |
| Fifth Column | ফিফথ কলাম দ্বারা পঞ্চম বাহিনীকে বুঝায় (যে জনতা গোপনে নিজ সরকারের বিরুদ্ধে কাজ করে এবং শত্রুকে সাহায্য করে)। 'Fifth Column' কথাটি সর্বপ্রথম ব্যবহৃত হয় সামরিক ক্ষেত্রে স্পেনের গৃহযুদ্ধ চলাকালীন সময়ে । |
| Second Track Diplomacy | দুই বা ততোধিক বিবাদমান দেশের মধ্যে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সমস্যা সমাধানের লক্ষ্যে সাধারণত উভয় দেশের পেশাদার কূটনীতিকগণ অগ্রণী ভূমিকা পালন করেন। কিন্তু সমস্যা সমাধানে অনেক সময় কূটনীতিকগণ ব্যর্থ হন। ফলে উদ্ভূত সমস্যা সমাধানে দেশের সুশীল সমাজ (civil society) এগিয়ে আসেন। সিভিল সোসাইটি, ব্যবসায়ী সম্প্রদায়, মিডিয়া ও শিক্ষাবিদ কর্তৃক এরূপ সমস্যা সমাধানের উদ্যোগকে বলা হয় Second Track Diplomacy। |
| Gunboat Diplomacy | শক্তি প্রয়োগের ভয় দেখিয়ে রাজনৈতিক প্রতিপক্ষ, বৈরিদেশ বা শক্তিকে হটে যেতে বা দমে যেতে বাধ্য করার কৌশলকেই সাধারণত গানবোট কূটনীতি বা Gunboat Diplomacy বলা হয়। |
| Dollar Diplomacy | কমিউনিজমের আক্রমণের হাত থেকে স্বাধীনতা ও গণতন্ত্রকে রক্ষা ইত্যাদির নামে বিভিন্ন রাষ্ট্রকে শত শত কোটি ডলার ঋণ ও সাহায্য প্রদান করার মাধ্যমে ঐ দেশের সাথে যে কূটনৈতিক সম্পর্ক সৃষ্টি করা হয় তাকেই Dollar Diplomacy বলে। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতিরই অপর নাম । |
| Cheekbook Diplomacy | কোন দেশে আর্থিক বিনিয়োগ, সাহায্য ও অবকাঠামোগত উন্নয়নের নামে ঋণের ফাঁদে ফেলানোর কৌশলকে সাম্প্রতিক সময়ে Checkbook Diplomacy বলা হয়ে থাকে। বিভিন্ন দেশে চীনের বিনিয়োগ এই কূটনীতির সাথে জড়িত । |
| Debt-trapt Diplomacy | ঋণগ্রস্ত দেশকে ঋণে জর্জরিত করার মধ্য দিয়ে সেসব দেশের ওপর আধিপত্য বিস্তার করা হলো Debt - trap Diplomacy। বর্তমানে ঋণ-ফাঁদ কূটনীতি' চীনের সাথে সম্পর্কিত। |
| Corridor/ Sideline Diplomacy | আন্তর্জাতিক সম্মেলন বা কনফারেন্সে মূল আলোচনার বাইরে অনানুষ্ঠানিকভাবে দুই বা ততোধিক রাষ্ট্রের মধ্যে আলোচনাকে Corridor/ Sideline Diplomacy বলে । |
| Wolf Warrior Diplomacy | কোনো রাষ্ট্র চীনের সমালোচনা বা কার্যক্রমের বিরুদ্ধে কথা বললে তার বিপরীতে চীনের আগ্রাসী আচরণ, সমুচিত সরাসরি জবাব ইত্যাদি Wolf Warrior Diplomacy নামে পরিচিত। |

| | |
|---|---|
| Charge D'Affairs | যখন কোনো রাষ্ট্রদূত বা মিনিস্টার ছুটিতে যান তখন তিনি মিশনের কাজের দায়িত্ব জ্যেষ্ঠতম কর্মকর্তাকে দিয়ে যান। ঐ জ্যেষ্ঠতম কর্মকর্তাকেই Charge D' Affairs বলে। |

## সপ্তাশ্চর্য

| নাম | অবস্থান | নাম | অবস্থান |
|---|---|---|---|
| ১. চিচেন ইতজা | জুবাট্যান উপদ্বীপ, মেক্সিকো | ৫. পেত্রা নগরী | ওয়াদী মূসা বা মূসার উপত্যকা, জর্ডান |
| ২. স্ট্যাচু অব ক্রাইস্ট অব রিডিমার | রিও ডি জেনেরিও, ব্রাজিল | ৬. রোমের কলোসিয়াম | রোম, ইতালি |
| ৩. চীনের মহাপ্রাচীর | চীনের উত্তর সীমান্তে | ৭. তাজমহল | আগ্রা, ভারত |
| ৪. মাচু পিচু | উরু রামবা উপত্যকা , পেরু | | |

## প্রাকৃতিক সপ্তাশ্চর্য

| নাম | অবস্থান |
|---|---|
| আমাজন | দক্ষিণ আমেরিকার ৯টি দেশ জুড়ে অবস্থিত বিশ্বের সর্ববৃহৎ রেইন ফরেস্ট। |
| পুয়ের্তো প্রিন্সিয়া | ফিলিপাইনে অবস্থিত বিশ্বের সর্ববৃহৎ ভূ-গর্ভস্থ নদী। |
| হা লং বে | ভিয়েতনামে অবস্থিত ১৫৫৩ বর্গ কিলোমিটার আয়তন বিশিষ্ট উপসাগর । |
| ইগুয়াজু জলপ্রপাত | বিশ্বের অন্যতম এ জলপ্রপাতটি ব্রাজিল ও আর্জেন্টিনার সীমান্তবর্তী স্থানে অবস্থিত। |
| টেবল মাউন্টেন | আফ্রিকার প্রবেশ দ্বার নামে পরিচিত পর্বত যা দক্ষিণ আফ্রিকার কেপটাউনে অবস্থিত। |
| জেজু দ্বীপ | ৩৬০ টি আগ্নেয়গিরি বেষ্টিত দক্ষিণ কোরিয়ার সবচেয়ে বড় দ্বীপ। |
| কমেডো ন্যাশনাল পার্ক | ইন্দোনেশিয়ার জাতীয় উদ্যান। |

## জাতীয় প্রতীক

| দেশ | প্রতীক | দেশ | প্রতীক | দেশ | প্রতীক |
|---|---|---|---|---|---|
| ভারত | আশোক চক্র | ইন্দোনেশিয়া | ঈগল | জার্মানি | Iron Cross |
| পাকিস্তান | চাঁদ ও তারা | অস্ট্রেলিয়া | ক্যাঙ্গারু | ডেনমার্ক | সিংহ |
| আফগানিস্তান | মসজিদ | যুক্তরাষ্ট্র | ঈগল | রাশিয়া | দুই মাথাযুক্ত ঈগল |
| নেপাল | এভারেস্ট | কানাডা | ম্যাপল পাতা | সুইজারল্যান্ড | সাদা ক্রস |
| চীন | তিয়েন আনমেন গেইট | যুক্তরাজ্য | টিউটর গোলাপ | পোল্যান্ড | সাদা ঈগল |
| জাপান | ক্রিসেন থিমাম সিংহাসন | ফ্রান্স | লিলি | আইভোরিকস্ট | হাতির মাথা |

## সংবাদপত্র ও সংবাদ সংস্থা

### বিখ্যাত দৈনিক পত্রিকা

| দেশ | পত্রিকা | ইংরেজি নাম | দেশ | পত্রিকা | ইংরেজি নাম |
|---|---|---|---|---|---|
| জাপান | আশাহি শিম্বুন | Asahi Shimbun | যুক্তরাষ্ট্র | নিউইয়র্ক টাইমস | New York Times |
| | দি জাপান টাইমস | The japan Times | যুক্তরাজ্য | ডেইলি মিরর | Daily Mirror |
| চীন | চায়না ডেইলি | China Daily | | ফিন্যান্সিয়াল টাইমস | Financial Times |
| ভারত | দি টাইমস অব ইন্ডিয়া | The Times of India | | গার্ডিয়ান | Guardian |
| জার্মানি | ডেইলি টেলিগ্রাফ | Daily Telegraph | রাশিয়া | দ্য মস্কো টাইমস | The Miscow Times |
| যুক্তরাষ্ট্র | ওয়াল স্ট্রিট জার্নাল | Wall Street Journal | | দ্য মস্কো নিউজ | The Moscow News |
| | লস অ্যাঞ্জেলস টাইমস | Los Angeles Times | - | - | - |

### বিখ্যাত সংবাদ সংস্থা

| নাম | পূর্ণরুপ | দেশ |
|---|---|---|
| এএফপি | Agency France-Presse (AFP) সবচেয়ে প্রাচীন সংবাদ সংস্থা (১৮৩৫) | |
| আনতারা | ANTARA | |
| এপি | Associated Prees (AP) | |
| এএপি | Australian Associated Press (AAP) | |
| সেন্টাল নিউজ এজেন্সি | Central News Angency (CNA) | |
| মেনা | MENA | |
| ইন্টারফ্যাক্স, ইতার-তাস | Interfax, Information Telegraph Agency of Russia (ITAR-TASS) | |

| নাম | পূর্ণরুপ | দেশ |
|---|---|---|
| রয়টার্স | Reuters (প্রতিষ্ঠাতা-পল জুলিয়াস রয়টার্স); পৃথিবীর বৃহত্তম সংবাদ সংস্থা | |
| রিয়া-নভোস্কি | Russian Information Agency-Novosti (RIA- Novosti) | |
| ইউনাইটেড প্রেস ইন্টারন্যাশনাল | United Press International (UPI) | |
| সিনহুয়া নিউজ এজেন্সি | Xinhia News Agency | |
| এপিপি | Associated Press of Pakistan (APP) | |
| পিটিআই | Press Trust of India (PTI) | |
| সানা | SANA | |

## বিমানবন্দর ও বিমান সংস্থা

| বিমানবন্দর | দেশ | বিমান সংস্থার নাম | দেশ |
|---|---|---|---|
| নারিতা আন্তর্জাতিক বিমানবন্দর | জাপান | গারুদা | ইন্দোনেশিয়া |
| সুবর্ণভূমি | থাইল্যান্ড | এয়ার ইন্ডিয়া | ভারত |
| দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর | সংযুক্ত আরব আমিরাত | পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্স | পাকিস্তান |
| হংকং আন্তর্জাতিক বিমানবন্দর | হংকং | মালয়েশিয়ান এয়ারলাইন্স সিস্টেম | মালয়েশিয়া |
| সিঙ্গাপুর চেংগি বিমানবন্দর | সিঙ্গাপুর | সাউদিয়া | সৌদি আরব |
| ইস্তাম্বুল বিমানবন্দর | তুরস্ক | ব্রিটিশ এয়ারওয়েজ | যুক্তরাজ্য |
| হিথ্রো বিমানবন্দর | ব্রিটেন | ইবিরিয়া | স্পেন |
| জন এফ. কেনেডি বিমানবন্দর | যুক্তরাষ্ট্র | লুফথানসা | জার্মানি |
| লস এঞ্জেলস আন্ত বিমানবন্দর | যুক্তরাষ্ট্র | স্ক্যান্ডিনেভিয়ান এয়ারলাইন্স সিস্টেম | ডেনমার্ক |
| ফ্রাঙ্কফুর্ট বিমানবন্দর | জার্মানি | এরোফ্লোট | রাশিয়া |
| লিওনার্দো দ্য ভিঞ্চি বিমানবন্দর | ইতালি | কানাডিয়ান এয়ারলাইন্স | কানাডা |
| আমস্টারডাম বিমানবন্দর | নেদারল্যান্ডস | বারিজ | ব্রাজিল |
| ডাবলিন বিমানবন্দর | আয়ারল্যান্ড | এয়ার নিউজিল্যান্ড | নিউজিল্যান্ড |
| জুরিখ বিমানবন্দর | সুইজারল্যান্ড | অস্ট্রেলিয়ান এয়ারলাইন্স | অস্ট্রেলিয়া |

## আন্তর্জাতিক দিবস

| তারিখ | দিবস | তারিখ | দিবস |
|---|---|---|---|
| ২১ ফেব্রুয়ারি | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২৫ জুলাই | পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধ দিবস |
| ৮ মার্চ | বিশ্ব নারী দিবস | ২৮ জুলাই | বিশ্ব হেপাটাইটিস দিবস |
| মার্চের দ্বিতীয় সোমবার | কমনওয়েলথ দিবস | ৮ সেপ্টেম্বর | বিশ্ব সাক্ষরতা দিবস |
| ১৫ মার্চ | আন্তর্জাতিক ইসলামভীতি প্রতিরোধ দিবস | ১৫ সেপ্টেম্বর | বিশ্ব গণতন্ত্র দিবস |
| ২১ মার্চ | আন্তর্জাতিক বর্ণবৈষম্য দূরীকরণ দিবস | ১৬ সেপ্টেম্বর | বিশ্ব ওজোন দিবস |
| ২৩ মার্চ | বিশ্ব আবহাওয়া দিবস | ১৭ সেপ্টেম্বর | মহান শিক্ষা দিবস |
| ৩০ মার্চ | আন্তর্জাতিক শূন্য বর্জ্য দিবস | ২১ সেপ্টেম্বর | বিশ্ব শান্তি দিবস |
| ২ এপ্রিল | বিশ্ব অটিজম দিবস | ২৭ সেপ্টেম্বর | বিশ্ব পর্যটন দিবস |
| ৭ এপ্রিল | বিশ্ব স্বাস্থ্য দিবস | ৫ অক্টোবর | বিশ্ব শিক্ষক দিবস |
| ২২ এপ্রিল | বিশ্ব ধরিত্রী দিবস | ৯ অক্টোবর | বিশ্ব ডাক দিবস |
| ২৩ এপ্রিল | বিশ্ব গ্রন্থ দিবস | ১৬ অক্টেবর | বিশ্ব খাদ্য দিবস |
| ২৫ এপ্রিল | বিশ্ব ম্যালেরিয়া দিবস | ১৭ অক্টেবর | আন্তর্জাতিক দারিদ্র্য বিমোচন দিবস |
| ১ মে | মে দিবস | ২৪ অক্টেবর | জাতিসংঘ দিবস |
| ১৭ মে | বিশ্ব টেলিযোগাযোগ দিবস | ১৮ নভেম্বর | বিশ্ব শিশু যৌন নিপীড়ন প্রতিরোধ দিবস |
| ২৫ মে | বিশ্ব ফুটবল দিবস | ২০ নভেম্বর | বিশ্ব শিশু অধিকার দিবস |
| ২৯ মে | শান্তিরক্ষী দিবস | ২৫ নভেম্বর | আন্তর্জতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস |
| ৫ জুন | বিশ্ব পরিবেশ দিবস | ১ ডিসেম্বর | বিশ্ব এইডস দিবস |
| ১২ জুন | বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস | ৯ ডিসেম্বর | আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী/ গনহত্যা দিবস |
| ২০ জুন | বিশ্ব শরণার্থী দিবস | ১০ ডিসেম্বর | বিশ্ব মানবাধিকার দিবস |
| ৯ জুলাই | বিশ্ব আদিবাসী দিবস | ১৮ ডিসেম্বর | আন্তর্জাতিক অভিবাসী দিবস |

## বিখ্যাত চিত্রশিল্পী

- **লিওনার্দো দ্য ভিঞ্চি:** প্রখ্যাত চিত্রকর লিওনার্দো দ্য ভিঞ্চি ১৫ এপ্রিল ১৪৫২ সালে ইতালির ফ্লোরেন্স শহরে জন্মগ্রহণ করেন। তাঁর উল্লেখযোগ্য চিত্রকর্ম মোনালিসা, দি ম্যাডোনা অ্যান্ড চাইল্ড, ভারচুভিয়ান ম্যান, পোরট্রেইট অব মিউজিশিয়ান, দ্য লাস্ট সাপার, লিডা অ্যান্ড দ্য সোয়ান প্রভৃতি। তার সর্বশ্রেষ্ঠ চিত্রকর্ম মোনালিসা চিত্রটি বর্তমানে ল্যুভর মিউজিয়ামে সংরক্ষিত রয়েছে। তার ওপরে লেখা দ্য ভিঞ্চি কোড' বইটির লেখক ড্যান ব্রাউন। ২ মে ১৫১৯ সালে এই মহান চিত্রকর মৃত্যুবরণ করেন ।

- **পাবলো পিকাসো :** স্প্যানিশ চিত্রকর পাবলো পিকাসো ২৫ অক্টোবর ১৮৮১ সালে জন্মগ্রহণ করেন। তাঁর বিশ্ববিখ্যাত শিল্পকর্মের মধ্যে রয়েছে গোয়ের্নিকা, দি ইয়ং লেডিস অফ এভিগনন, দি ওল্ড গিটারিস্ট, দি উইপিং ওমেন। পাবলো পিকাসো ৮ এপ্রিল ১৯৭৩ মৃত্যুবরণ করেন।
- **মাইকেল অ্যাঞ্জেলো:** মাইকেল অ্যাঞ্জেলো ৬ মার্চ ১৪৭৫ সালে ইতালির কাপ্রেসের তুস্কানে জন্মগ্রহণ করেন । তিনি ছিলেন ইতালির চিত্রকর। তাঁর বিখ্যাত ভাস্কর্যগুলোর মধ্যেডেভিড, পিটা, মোজেস, প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য। অ্যাঞ্জেলো'র বিখ্যাত চিত্রকর্ম দি ক্রিয়েশন অব অ্যাডাম'। তিনি ১৮ ফেব্রুয়ারি ১৫৬৪ সালে মৃত্যুবরণ করেন।
- **ওয়াল্ট ডিজনি:** কার্টুন চলচ্চিত্র মিকি মাউস'-এর স্রষ্টা ওয়াল্ট ডিজনি ৫ ডিসেম্বর ১৯০৫ সালে যুক্তরাষ্ট্রের শিকাগো শহরে জন্মগ্রহণ করেন । তাঁর পরিকল্পনায় ডিজনিল্যান্ড' ও ওয়াল্ট ডিজনিওয়ার্ল্ড' নামের দুটি উদ্যান নির্মিত হয়।
- **ভিনসেন্ট ভ্যানগগ:** তিনি একজন বিখ্যাত ডাচ চিত্রকর। তাঁর বিখ্যাত চিত্রকর্ম হলো- পটেটো ইটারস, সানফ্লাওয়ার, বেডরুম ইন আরলেস ইত্যাদি ।
- **ক্লোদ মোনে:** একজন ফরাসি চিত্রকর। তাঁর বিখ্যাত চিত্রকর্ম সানরাইজ।
- **সালভেদর ডালি:** একজন স্প্যানিশ পরাবাস্তববাদী চিত্রকর। তাঁর বিখ্যাত চিত্রকর্ম হলো- দি পারসিসটেন্স অব ম্যামোরি, দি এলিফেন্টস ইত্যাদি।
- **মকবুল ফিদা হোসেন:** একজন জনপ্রিয় ভারতীয় চিত্রশিল্পী। তাকে ভারতের পাবলো পিকাসো' বলা হয়। তাঁর বিখ্যাত চিত্রকর্ম হলো পঞ্চইন্দ্রিয়, ব্যাটল অব গঙ্গা এন্ড যমুনা, মহাভারত টুয়েলভ, মাদারইন্ডিয়া ইত্যাদি।

## উল্লেখযোগ্য গ্রন্থ

| গ্রন্থের নাম | লেখক | গ্রন্থের নাম | লেখক |
|---|---|---|---|
| Asian Drama | গুনার মিরডাল | The Prince | ম্যাকিয়াভেলি |
| All Quiet on the Western Front | এরিখমারিয়া রেমাক | The White Tiger | আরবিন্দ আদিগাও |
| Hundred Years of Solitude | গ্রাব্রিয়েল গার্সিয়া মার্কেজ | Tin Drum | গুন্টার গ্রাস |
| Animal Farm | জর্জ ওরওয়েল | The Social Contract | রুশো |
| Communist Manifesto, Das Capital | কার্ল মার্কস | The Clash of Civilizations | স্যামুয়েল হান্টিংটন |
| Discovery of India | জওহরলাল নেহেরু | The God of Small Things | অরুন্ধতী রায় |
| Globalization and Its Discontents | জোসেফ ই স্টিগলিজ | The Green Book | কর্নেল গাদ্দাফি |
| Protestant Ethics and the Spirit of Capitalism | ম্যাক্স ওয়েবার | The Good Muslim, The Golden Age, The Bones of Grace | তাহমিমা আনাম |
| Friends not Master | জেনারেল আইয়ুব খান | The Old Man and the Sea | আর্নেস্ট হেমিংওয়ে |
| Harry Potter, The Casual Vacancy | জে. কে রাউলিং | The Strategic Victory | ফিদেল ক্যাস্ট্রো |
| A Long Walk to Freedom Conversation With Myself | নেলসন ম্যান্ডেলা | The Audacity of Hope , Dreams from My Father , A Promised Land, Change We Can Believe In | বারাক ওবামা |
| ব্রিফ আনসারস টু দ্য বিগ কোশ্চেন | স্টিফেন হকিং | ডিসিশন পয়েন্ট | জর্জ ডব্লিউ বুশ |
| India Wins Freedom | মাওলানা আবুল কালাম আজাদ | Bangladesh: The Test Case Devlopmrnt | জাস্ট ফালান্ড ও জে আর পারকিনসন |
| Living History, Hard Chiovr | হিলারি ক্লিনটন | Wings of Fire: An Autobiography | এপিজে আব্দুল কালাম |
| My Unforgettable Memories | মমতা বন্দ্যোপাধ্যায় | The Presidential | প্রণব মুখার্জী |
| My Life | বিল ক্লিনটন | কিতাবুল হিন্দ | আল বিরুনি |
| Philosophical Notes | চে গুয়েভারা | কিতাব আল শিফা, কিতাবুল রেহেলা | ইবনে সিনা |
| From Third World to First | লি কুয়ান ইউ | Victory City | সালমান রুশদি |
| Promise Me, Dad | জো বাইডেন | White House Years | হেনরি কিসিঞ্জার |
| Our Journey Together | ডোনাল্ড ট্রাম্প | স্পেয়ার (SPARE) | প্রিন্স হ্যারি |
| How to Avoid A Climate Disaster | বিল গেটস | Divine Destiny | মোহসেন আল আরিশি |
| The Startup Wife | তাহমিমা আনাম | Home in the World: A Memoir | অমর্ত্য সেন |

## বিভিন্ন দেশের প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর বাসভবন

### বিভিন্ন দেশের প্রেসিডেন্টের বাসভবন

| যে দেশের প্রেসিডেন্ট | বাসভবনের নাম | যে দেশের প্রেসিডেন্ট | বাসভবনের নাম |
|---|---|---|---|
| বাংলাদেশ | বঙ্গভবন | দক্ষিণ কোরিয়া | ব্লু হাউজ |
| ভারত | রাষ্ট্রপতি ভবন / রাইসিনা হিল | রাশিয়া | ক্রেমলিন |
| শ্রীলংকা | টেম্পল ট্রি | যুক্তরাষ্ট্র | হোয়াইট হাউজ |
| নেপাল | শীতল নিবাস | ফ্রান্স | এলিসি প্রাসাদ |
| পাকিস্তান | আইওয়ান-ই-সদ | ব্রিটিশ রাজপরিবার | বাকিংহাম প্যালেস |
| আফগানিস্তান | প্রেসিডেন্সিয়াল প্যালেস | - | - |

## বিভিন্ন দেশের প্রধানমন্ত্রী

| বিভিন্ন দেশের প্রধানমন্ত্রী | বাসভবনের নাম | যে দেশের প্রধানমন্ত্রী | বাসভবনের নাম |
|---|---|---|---|
| ভারত | চনপথ ভবন/হায়দ্রাবাদ হাউজ | ব্রিটেন | ১০ নং ডাউনিং স্ট্রিট |
| পাকিস্তান | প্রধানমন্ত্রী হাউজ | জার্মানি (চ্যান্সেলর) | বুন্ডেসকানজালারম্যাট |

## বিখ্যাত জাদুঘর

| জাদুঘর | অবস্থান | জাদুঘর | অবস্থান |
|---|---|---|---|
| মাদাম তুসোর জাদুঘর | লন্ডন, ব্রিটেন | অলিম্পিক মিউজিয়াম | লুজান, সুইজারল্যান্ড |
| দ্য ব্রিটিস মিউজিয়াম | লন্ডন , যুক্তরাজ্য | দ্য পুশকিন স্টেট মিউজিয়াম অব ফাইন আর্টস | মস্কো, রাশিয়া |
| স্টেট গ্যালারি | লন্ডন , যুক্তরাজ্য | তক্ষশীলা মিউজিয়াম | রাওয়ালপিণ্ডি, পাকিস্তান |
| দ্য লুভ্যর মিউজিয়াম | প্যারিস, ফ্রান্স | - | - |

## বিখ্যাত লাইব্রেরি

| লাইব্রেরির নাম | অবস্থান | লাইব্রেরির নাম | অবস্থান |
|---|---|---|---|
| ইউনাইটেড স্টেটস লাইব্রেরি অব কংগ্রেস | ওয়াশিংটন , যুক্তরাষ্ট্র | নিউইয়র্ক পাবলিক লাইব্রেরি | নিউইয়র্ক , যুক্তরাষ্ট্র |
| লেলিন স্টেটস লাইব্রেরি | মস্কো , রাশিয়া | বিবলিওথিক ন্যাশনাল | প্যারিস, ফ্রান্স |
| পাবলিক লাইব্রেরি | লেলিনগ্রাদ, রাশিয়া | ন্যাশনাল ডিন লাইব্রেরি | টোকিও, জাপান |
| একাডেমিক অব সায়েন্স | | স্টেট লাইব্রেরি | মিউনিখ, জার্মানি |

## বিখ্যাত উক্তি

| উক্তি | উক্তিকারীর নাম |
|---|---|
| Democracy is a goverment of the people, by the people and for the people | আব্রাহাম লিংকন |
| Give me blood and I promise you freedom | নেতাজী সুভাষচন্দ্র বসু |
| Imagination is more important than knowledge | আলবার্ট আইনস্টাইন |
| Man is political animal | এরিস্টটল |
| Help the self and God will help thee | হারবার্ট |
| • Know Theyself<br>• Virtue is Knowledge<br>• I to die, You to Live, which is better only God Knows<br>• Knowledge is power | জ্যাঁক রুশো |
| Man is born free but everywhere he is in chain | নেপোলিয়ন |
| তোমরা আমাকে শিক্ষিত মা দাও, আমি তোমাদেরকে শিক্ষিত জাতি দেব | এরিস্টটল |
| মানুষ সামাজিক জীব | এপিজে আব্দুল কালাম |
| যে হৃদয় দিয়ে কাজ করে না, শূন্যতা ছাড়া সে কিছুই অর্জন করতে পারে না সততাই সর্বোৎকৃষ্ট পন্থা | বেনজামিন ফ্রাঙ্কলিন |
| গণতন্ত্রই সর্বোৎকৃষ্ট শাসন ব্যাবস্থা | লর্ড ব্রাইস |
| জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী | জ্যঁ জ্যাক রুশো |
| নিকৃষ্ট মুদ্রা উৎকৃষ্ট মুদ্রাকে বাজার থেকে বিতাড়িত করে | গ্রেশাম |
| আমাকে স্বাধীনতা দাও অথবা মৃত্যু দাও | প্যাটরিক হেনরি |
| সাম্রাজ্যেবাদ পুঁজিবাদের সর্বশেষ পর্যায় | লেলিন |
| শাসক যদি হয় ন্যায়বান তাহলে আইন অনাবশ্যক, আর শাসক যদি দুর্নীতিপরায়ন হয় তাহলে আইন নিরর্থক | প্লেটো |
| অর্থনৈতিক গণতন্ত্র ছাড়া রাজনৈতিক গণতন্ত্র পাওয়া সম্ভব নয় | অধ্যাপক লাস্কি |
| রাষ্ট্রবিজ্ঞান ব্যতীত ইতিহাস পাঠ মূল্যহীন আর ইতিহাস ব্যতীত রাষ্ট্রবিজ্ঞান ভিত্তিহীন | জন সিলি |

## পুরস্কার ও সম্মাননা

### নোবেল পুরস্কার

**নোবেল পুরস্কার:** বিশ্বের সবচেয়ে সম্মানজনক পুরস্কার নোবেল পুরস্কার। ১৯০১ সালে প্রবর্তিত এ পুরস্কার ৬টি বিষয়ে প্রদান করা হয়। যথা চিকিৎসা, রসায়ন, পদার্থ, সাহিত্য, শান্তি ও অর্থনীতি। উল্লেখ্য, ১৯৬৯ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার চালু হয়। অর্থনীতিতে নোবেল পুরস্কারের আনুষ্ঠানিক নাম Severage Riksbank Prize, যেটির অর্থায়ন করে সুইডেনের কেন্দ্রীয় ব্যাংক। পুরস্কারের অর্থমূল্য- ১ কোটি ১০ লাখ ক্রোনা।

- নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড বার্নার্ড নোবেল ।
- প্রতিবছর নোবেল পুরস্কার আনুষ্ঠানিকভাবে প্রদান করা হয় ১০ ডিসেম্বর (আলফ্রেড নোবেলের মৃত্যু দিবসে)।
- নোবেল পুরস্কারের ইতিহাসে পুরস্কার দেয়া হয়নি ১৯৪০, ১৯৪১ ও ১৯৪২ সালে (দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণে)।
- চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কার ঘোষণাকারী সংস্থা 'ক্যারোলিনস্কা ইনস্টিটিউট'-এর নামকরণ করা হয় - সুইডেনের রানী ক্যারোলিনের নামানুসারে।
- দার্শনিক কিন্তু সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন বার্ট্রান্ড রাসেল (১৯৫০ সালে)।
- মনোবিজ্ঞানী কিন্তু অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন ড্যানিয়েল ক্যানেম্যান (১৯৫০ সালে)।
- রাজনীতিবিদ কিন্তু সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন উইনস্টন চার্চিল (১৯৫৩)।

## নোবেল পুরস্কার ও ঘোষণাকারী প্রতিষ্ঠান :

- নোবেল পুরস্কার প্রদান করা হয় ৬টি ক্ষেত্রে সাহিত্য, পদার্থবিদ্যা, রসায়নশাস্ত্র, চিকিৎসাবিজ্ঞান, শান্তি ও অর্থনীতি । উক্ত ৬টি ক্ষেত্রে পুরস্কার প্রদানের
- নেপথ্যে কাজ করে ৪টি প্রতিষ্ঠান । এগুলো হচ্ছে-

| পুরস্কারের বিষয় | প্রতিষ্ঠানের নাম | পুরস্কারের বিষয় | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| শান্তি | নরওয়েজিয়ান নোবেল কমিটি) | সাহিত্য | সুইডিশ একাডেমি |
| পদার্থ, রসায়ন ও অর্থনীতি | রয়েল সুইডিশ একাডেমি অব সায়েন্সেস | চিকিৎসাবিজ্ঞান | ক্যারোলিনস্কা ইনস্টিটিউট |

- প্রতিবছর অক্টোবর মাসের প্রারম্ভের নির্দিষ্ট দিনেই ঘোষণা করা হয় ৬টি পুরস্কার (পুরস্কার মূল্য ১ কোটি ১০ লাখ সুইডিস ক্রোনা)।

## প্রথম নোবেল পুরস্কার বিজয়ী

- ১৯০১ সালের ১০ ডিসেম্বর প্রথম নোবেল পুরস্কারের সূচনা হয় ।

| প্রথম নোবেল পুরস্কার বিজয়ী | | | |
|---|---|---|---|
| ক্ষেত্র | সাল | নোবেল বিজয়ী | দেশ |
| পদার্থ | ১৯০১ | উইলহেম কনরাড রন্টগেন | জার্মানি |
| রসায়ন | ১৯০১ | জ্যাকবস হেনরিকাস ভ্যান্ট হফ | নেদারল্যান্ডস |
| চিকিৎসা | ১৯০১ | এমিল ভন বিহরিং | জার্মানি |
| সাহিত্য | ১৯০১ | সুলি প্রুধোম | ফ্রান্স |
| শান্তি | ১৯০১ | হেনরি ডুনান্ট, ফ্রেডারিক পাসি | হেনরি ডুনান্ট (সুইজারল্যান্ড), ফ্রেডারিক পাসি (ফ্রান্স) |
| অর্থনীতি | ১৯৬৯ | রাগনার ফ্রিশ, ইয়েন টিনবার্গেন | রাগনার ফ্রিশ (নরওয়ে), ইয়েন টিনবার্গেন (নেদারল্যান্ডস) |

## নোবেল বিজয়ী এশীয়

- এশিয়ার প্রথম নোবেল বিজয়ীর নাম রবীন্দ্রনাথ ঠাকুর (১৯১৩)। অর্থনীতিতে নোবেল বিজয়ী প্রথম এশীয় অমর্ত্য সেন (ভারত)।
- এশিয়ায় শান্তিতে প্রথম নোবেল পুরস্কার পান লি ডাক থো (ভিয়েতনাম) । কিন্তু তিনি এ পুরস্কার প্রত্যাখ্যান করেন ।
- চিকিৎসাশাস্ত্রে এশিয়ার প্রথম নোবেল বিজয়ী হরগোবিন্দ খোরানা (ভারত)।
- নোবেলজয়ী বাঙালী মনীষী ৪ জন। যথা- রবীন্দ্রনাথ ঠাকুর, অমর্ত্য সেন, ড. মুহাম্মদ ইউনূস এবং অভিজিৎ ব্যানার্জি।

## নোবেল পুরস্কার প্রত্যাখ্যান

- স্বেচ্ছায় পুরস্কার প্রত্যাখ্যান করা ব্যক্তি ১৯৬৪ সালে সাহিত্যে নোবেলজয়ী ফ্রান্সের জ্যাঁ পল সাত্রে এবং ১৯৭৩ সালে শান্তিতে পুরস্কারজয়ী ভিয়েতনামের লি ডাক থো।
- সরকারের চাপে নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করা ব্যক্তি ৪ জন। রিচার্ড কুন, অ্যাডলফ এফ বুটেনান্ট ও গেরহার্ড ডোমাক (জার্মানি) এবং বরিস পাস্তেরনাক (রাশিয়া) ।
- সাহিত্যে নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেন বরিস পাস্তেরনাক (সোভিয়েত ইউনিয়ন বা রাশিয়া, ১৯৫৮ সালে) ও জ্যাঁ পল সার্ত্রে (ফ্রান্স ১৯৬৪ সালে)।

## মরণোত্তর নোবেল পুরস্কার

- মরণোত্তর নোবেল পুরস্কার দেয়া হয় ৩ জন ব্যক্তিকে।
- মরণোত্তর নোবেল বিজয়ী ১৯৩১ সালে সাহিত্যে সুইডিশ কবি এরিখ কালফেল্ট, ১৯৬১ সালে শান্তিতে জাতিসংঘ মহাসচিব দ্যাগ হ্যামারশোল্ড এবং ২০১১ সালে চিকিৎসাবিজ্ঞানে কানাডার রাল্ফ এর স্টেইনম্যান।

## ৬টি ক্ষেত্রে নোবেলজয়ী প্রথম নারী

| ক্ষেত্র | সাল | নোবেল বিজয়ী | দেশ | ক্ষেত্র | সাল | নোবেল বীজয়ী | দেশ |
|---|---|---|---|---|---|---|---|
| পদার্থ | ১৯০৩ | মেরী কুরি | পোল্যান্ড | সাহিত্য | ১৯০৯ | সেলমা লাগেরলফ | সুইডেন |
| রসায়ন | ১৯১১ | মেরী কুরি | পোল্যান্ড | চিকিৎসা | ১৯৪৭ | গার্টি কুরি | যুক্তরাষ্ট্র |
| শান্তি | ১৯০৫ | বার্থাভন সুটনার | অস্ট্রিয়া-হাঙ্গেরীয় | অর্থনীতি | ২০০৯ | ইলিনর অস্ট্রম | যুক্তরাষ্ট্র |

- নোবেল বিজয়ী প্রথম মুসলিম নারীশিরিন এবাদি (ইরান)।
- আরব বিশ্বের প্রথম এবং মুসলিম বিশ্বের দ্বিতীয় নারী হিসেবে নোবেল পুরস্কার লাভ করেন তাওয়াক্কুল কারমান (ইয়েমেন)।
- আফ্রিকা মহাদেশের প্রথম নারী নোবেল বিজয়ী ওয়ানগারি মাথাই (কেনিয়া) ।
- প্রথম নারী সংবাদিক হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার পান মারিয়া রেসা (ফিলিপাইন)।

### একাধিকবার নোবেলজয়ী সংগঠন ও ব্যক্তি

| নোবেল জয়ীর নাম | সাল ও বিষয় | নোবেল জয়ীর নাম | সাল ও বিষয় |
|---|---|---|---|
| আন্তর্জাতিক রেডক্রস কমিটি (ICRC) | ১৯১৭, ১৯৪৪, ১৯৬৩৩ (শান্তি) | জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশনার UNHCR) | ১৯৫৪, ১৯৮১ (শান্তি) |
| মেরী কুরি | ১৯০৩ (পদার্থ), ১৯১১ (রসায়ন) | জন বার্ডিন | ১৯৫৬ (পদার্থ), ১৯৬২ (পদার্থ) |
| লিনাস পাউলিং | ১৯৫৪ (রসায়ন), ১৯৬২ (শান্তি) | ফ্রেডরিক স্যাঙ্গার | ১৯৫৮ (রসায়ন), ১৯৮০ (রসায়ন) |
| কে ব্যারি শার্পলেস | ২০০১ (রসায়ন), ২০২২ (রসায়ন) | | |

## ম্যান বুকার পুরস্কার/বুকার পুরস্কার

### ম্যান বুকার, পুলিতজার ও ম্যাগসেসে পুরস্কার

- ব্রিটেনের সাহিত্যে সর্বোচ্চ পুরস্কারের নাম দ্য ম্যান বুকার প্রাইজ ফর ফিকশন।
- বুকার পুরস্কার প্রবর্তন করা হয় ১৯৬৯ সালে (প্রবর্তক-যুক্তরাজ্যের বাকার ম্যাক কোলেন কোম্পানি)।+
- বুকার বিজয়ী প্রথম নারী বার্নিস রুবিনস (ব্রিটেন)। সর্বকনিষ্ঠ ম্যান বুকার পুরস্কার বিজয়ী এলিনর ক্যাটন।
- বিশ্বের যে কোনো দেশের জন্য ২০০৫ সালে একটি নতুন পুরস্কার চালু হয়- Man Booker International Prize (ম্যান বুকার আন্তর্জাতিক পুরস্কার)।
- ম্যান বুকার পুরস্কার প্রাপ্তির জন্য লেখককে অবশ্যই কমনওয়েলথ, জিম্বাবুয়ে অথবা আয়ারল্যান্ডের নাগরিক হতে হবে এবং উপন্যাসটি ইংরেজি ভাষায় রচিত হতে হবে। কিন্তু ম্যান বুকার আন্তর্জাতিক পুরস্কার বিশ্বের যেকোনো দেশের লেখক পেতে পারে ।

### পুলিৎজার পুরস্কার

- পুলিৎজার পুরস্কার প্রদানকারী দেশ যুক্তরাষ্ট্র। পুলিৎজার পুরস্কার প্রদান শুরু হয় ১৯১৭ সাল থেকে ।
- পুলিৎজার পুরস্কার প্রদান করা হয় সাহিত্যে ৬টি, সঙ্গীতে ১টি এবং সাংবাদিকতায় ১৪টি।
- সাংবাদিকতায় সবচেয়ে মর্যাদাকর বা নোবেল পুরস্কার বলা হয় পুলিৎজারকে।

### ম্যাগসেসে পুরস্কার

- ম্যাগসেসে পুরস্কার প্রদান করা হয় ফিলিপাইন থেকে। ম্যাগসেসে পুরস্কার প্রবর্তন করা হয় ১৯৫৭ সালে ।
- ফিলিপাইনের সাবেক যে প্রেসিডেন্টের নামে এ পুরস্কার প্রদান করা হয় র‍্যামন ম্যাগসেসের নামানুসারে ।
- বাংলাদেশ থেকে এ পর্যন্ত ম্যাগসেসে পুরস্কার পেয়েছে ১৩ জন; প্রথম- তহরুন্নেসা আবদুাহ। ২০২৩ সালে করভি রাকসান্দ।

## বিসিএস ও অন্যান্য চাকরির পরীক্ষায় আসা প্রশ্নোত্তর

১. **Global Vaccine Summit অনুষ্ঠিত হয়?** [৪২তম বিসিএস]
ক. ৫ মে ২০২০ খ. ৪ জুন ২০২০ গ. ৬ জুলাই ২০২০ ঘ. ৮ আগস্ট ২০২০ উ: খ

২. **কোন তারিখে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের উপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা পুনরায় আরোপ করে?** [৪২তম বিসিএস]
ক. ২০ আগস্ট ২০২০ খ. ১৯ সেপ্টেম্বর ২০২০ গ. ১৮ অক্টোবর ২০২০ ঘ. ১৫ জুলাই ২০২০ উ: খ

৩. **২০২০ সালে প্রকাশিত 'আইনের শাসন' সূচক শীর্ষস্থান অর্জনকারী দেশের নাম কী?** [৪১তম বিসিএস]
ক. ডেনমার্ক খ. নরওয়ে গ. জার্মানি ঘ. সিঙ্গাপুর উ: ক

৪. **সর্বশেষ মিউনিখ নিরাপত্তা সম্মেলন কোন সালের কোন মাসে অনুষ্ঠিত হয়েছে?** [৪০তম বিসিএস]
ক. সেপ্টেম্বর ২০১৮ খ. মার্চ ২০১৯ গ. ফেব্রুয়ারি ২০১৯ ঘ. ডিসেম্বর ২০১৮ উ: গ

৫. **নিচের কোন দেশ ২০২২ সালের G-20 বাৎসরিক সম্মেলন অনুষ্ঠিত হবে?** [৪০তম বিসিএস]
ক. ইতালী খ. যুক্তরাষ্ট্র গ. ভারত ঘ. ব্রাজিল উ: গ

৬. **নিচের কোনটি নাগরিকের দায়িত্ব ?** [৩৮তম বিসিএস]
ক. রাস্তায় ট্রাফিক আইন মেনে চলা খ. শিল্প কারখানায় অধিক শ্রমিক নিয়োগ দেয়া
গ. দক্ষ জনশক্তি তৈরি করা ঘ. রাজনৈতিক সংগঠনে অন্তর্ভুক্ত হওয়া উ: ক

৭. **'Global Terrorism Index' ২০২৪ অনুযায়ী বিশ্বে সর্বাপেক্ষা ঝুঁকিপূর্ণ রাষ্ট্র -** [৩৫তম বিসিএস]
ক. সিরিয়া খ. সুদান গ. ইরাক ঘ. সোমালিয়া উ: গ

৮. **বর্তমান বিশ্বের কোন দেশটির সাংবিধানকে 'শান্তি সংবিধান' বলা হয়?** [৩৫তম বিসিএস]
ক. জাপান খ. পেরু গ. কোস্টারিকা ঘ. সুইজারল্যান্ড উ: ক

৯. **এশিয়াকাপ ক্রিকেট, ২০১২ কোন স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়?** [৩৩তম বিসিএস]
ক. বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে খ. শেরে বাংলা জাতীয় স্টেডিয়ামে
গ. বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে ঘ. রাজশাহী স্টেডিয়াম উ: খ

১০. **২০১৪ সালে বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হবে?** [৩৩তম বিসিএস]
ক. লন্ডন খ. বার্লিন গ. ব্রাজিল ঘ. আর্জেন্টিনা উ: গ

১১. **২০০৫ সালে যুক্তরাষ্ট্রের দক্ষিণ বা দক্ষিণ-পশ্চিম অঞ্চলে সর্বপ্রথম কোন হারিকেনটি আঘাত হানে?** [২৭তম বিসিএস]
ক. ডেনিস খ. ক্যাটরিনা গ. আইভান ঘ. রিটা উ: খ

১২. **ইরানের বর্তমান প্রেসিডেন্ট জালাল তালাবারি কোন সম্প্রদায়ের?** [২৭তম বিসিএস]
ক. সুন্নি খ. শিয়া গ. কুর্দি ঘ. খ্রিস্টান উ: গ

১৩. **২০০৪ সালে শান্তির জন্য নোবেল পুরস্কার লাভ করেন কোন দেশের নাগরিক?** [২৬তম বিসিএস]
ক. ব্রাজিল খ. ইরান গ. সুইডেন ঘ. কেনিয়া উ: ঘ

১৪. **'হ্যারি পটার কি?** [২৪তম বিসিএস]
ক. এক জাতীয় ধাতব পাত্র খ. সাম্প্রতিককালে সর্বাধিক বিক্রীত একটি শিশুতোষ বই
গ. একজাতীয় গুচ্ছবোমা ঘ. এক ধরনের খেলনা উ: খ

**১৫. প্রথম ক্লোন শিশু 'ইভ' এর জন্ম তারিখ কত?** [২৪তম বিসিএস]
ক. ২০নভেম্বর,২০০২ খ. ২৬ ডিসেম্বর ২০০২ গ. ৭ জানুয়ারি ২০০৩ ঘ. ২৩ মার্চ ২০০৩ উ: খ

**১৬. ১৯৯৫ সালে বেইজিং এ অনুষ্ঠিত চতুর্থ বিশ্ব নারী সম্মেলনের মূল শ্লোগান কি ছিল?** [২১তম বিসিএস]
ক. নারীর দৃষ্টিতে বিশ্বকে দেখ খ. বিশ্বের নারীরা এক হও গ. নারীর অধিকার মানবাধিকার ঘ. নারী নির্যাতন বন্ধ কর উ: ক

**১৭. ঢাকাতে সমাপ্ত উইলস ইন্টারন্যাশনাল কপি ক্রিকেট একটি প্রতিযোগিতায় কয়টি দল অংশ নেয়?** [২০তম বিসিএস]
ক. ৭ টি খ. ৯ টি গ. ১১ টি ঘ. ১২ টি উ: খ

**১৮. ইউরোপের কোন দেশে সম্প্রতি জাতিসত্তা সংঘাতের সমস্যাটি সমাপ্তি হয়েছে একটি শান্তি চুক্তির মাধ্যমে?** [২০তম বিসিএস]
ক. স্কটল্যান্ড খ. আয়ারল্যান্ড গ. নেদারল্যান্ড ঘ. সুইজারল্যান্ড উ: খ

**১৯. কোন চুক্তি অনুসানে বসনিয়া সংকট সমাধানের পথ সুগম হয়েছিল?** [২০তম বিসিএস]
ক. জেনেভা চুক্তি খ. মাদ্রিদ চুক্তি গ. ডেটন চুক্তি ঘ. প্যারিস চুক্তি উ: গ

**২০. ক্লোনিং পদ্ধতিতে জন্মগ্রহণকারী ভেড়ার নাম কি?** [১৯তম বিসিএস]
ক. নেনী খ. টমি গ. শেলী ঘ. ডলি উ: ঘ

**২১. সাম্প্রতিককালে নোবেল পুরস্কার প্রাপ্ত কোন কৃষিবিজ্ঞানী বাংলাদেশ সফর করেন?** [১৯তম বিসিএস]
ক. প্রফেসর ড. আব্দুস সালাম খ. প্রফেসর নরম্যান বোরলগ গ. আব্দুল কাদের ঘ. স্বামিনাথন উ: খ

**২২. ভায়াগ্রা কি?** [১৯তম বিসিএস]
ক. একটি জলপ্রপাত খ. নতুন একটি ঔষধ গ. সাড়া জাগানো চলচ্চিত্রের নাম ঘ. নতুন জাহাজের নাম উ: খ

**২৩. 'Adult cell'ক্লোন করে কোন দেশে একটি ভেড়ার জন্ম হয়েছে?** [১৮তম বিসিএস]
ক. যুক্তরাজ্যে খ. যুক্তরাষ্ট্রে গ. অস্ট্রেলিয়ায় ঘ. ফ্রান্সে উ: ক

**২৪. ২০০০ সালে অলিম্পিক কোন শহরে অনুষ্ঠিত হবে?** [১৮তম বিসিএস]
ক. বেইজিং খ. সিডনি গ. টোকিও ঘ. মেলবোর্ন উ: খ

**২৫. পোলিও টিকা আবিষ্কারক জোনাস সাল্ক যুক্তরাষ্ট্রের এক শহরে মারা যান, শহরটির নাম?** [১৭তম বিসিএস]
ক. La Martini খ. La Zola গ. San Antonio ঘ. San Hose উ: খ

**২৬. রাশিয়ার যে শহরে হাসপাতালে আক্রমণ করার পর বাধ্য হয়ে রাশিয়া চেচনিয়ার সাথে শান্তি বৈঠকে বসতে রাজি হয়েছে তার নাম-** [১৭তম বিসিএস]
ক. Budennovsk খ. Keldavisk গ. Sasanova ঘ. Gariev উ: ক

**২৭. Hubble Telescope এর সংশোধনকল্পে মহাশূন্যে কোন নভোযানে নভোচারীগণকে প্রেরণ করা হয়েছিল?** [১৬তম বিসিএস]
ক. Endeavour খ. Challanger গ. Pathfinder ঘ. Apollo উ: ক

**২৮. গিরিজা প্রাসাদ কৈরালা কত তারিখে নেপালের প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেন?** [১৬তম বিসিএস]
ক. ৮ জুলাই ১৯৯৪ খ. ৯ জুলাই ১৯৯৪ গ. ১০ জুলাই ১৯৯৪ ঘ. ১১ জুলাই ১৯৯৪ উ: গ

**২৯. রুয়ান্ডার প্যাট্রিয়টিক ফ্রন্ট সরকার কবে শপথ গ্রহণ করেন?** [১৬তম বিসিএস]
ক. ৮ জুলাই ১৯৯৪ খ. ১৯ জুলাই ১৯৯৪ গ. ২৪ জুলাই ১৯৯৪ ঘ. ২৭ জুলাই ১৯৯৪ উ: খ

**৩০. বি-৫২ কি?** [১৬তম বিসিএস]
ক. এক ধরনের যাত্রীবাহী বিমান খ. এক বিশেষ ধরনের হেলিকাপ্টার
গ. এক বিশেষ ধরনের বোমারু বিমান ঘ. ভূমি হতে শূন্যে নিক্ষেপণযোগ্য এক ধরনের ক্ষেপণাস্ত্র উ: গ

**৩১. ধূমকেতু শুমেকার লেভী-৯ এর ভাঙ্গা টুকরোটি কবে বৃহস্পতি গ্রহে আঘাত হানে?** [১৬তম বিসিএস]
ক. ১৫ জুলাই ১৯৯৪ খ. ১৬ জুলাই ১৯৯৪ গ. ১৭ জুলাই ১৯৯৪ ঘ. ১৮ জুলাই ১৯৯৪ উ: খ

**৩২. ১৯৯৪ এ নববর্ষের দিনে কার নেতৃত্বাধীন বাহিনী কাবুল শহর আক্রমণ করে?** [১৬তম বিসিএস]
ক. নজিবুল্লাহ খ. আহমেদ শাহ মাসুদ গ. আবদুর রশীদ দোস্তাম ঘ. গুলবুদ্দীন হেকমতিয়ার উ: গ

**৩৩. ১৯৯৩ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত রাশিয়ার পার্লামেন্ট নির্বাচনে কোন রাজনৈতিক দলটি সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে আত্মপ্রকাশ করে?** [১৬তম বিসিএস]
ক. রাশিয়া'স চয়েস খ. লিবারেল ডেমোক্রেটিক পার্টি গ. স্যোশ্যাল ডেমোক্রেটিক পার্টি ঘ. দ্য কমিউনিস্ট পার্টি উ: খ

**৩৪. ১৯৯৪ সালের বিশ্বকাপ ফুটবলে সর্বোচ্চ গোলদাতা কারা?** [১৬তম বিসিএস]
ক. স্টইচকভ ও রোবের্তো খ. সালেনকো ও আর্ডেসন গ. সালেনকে ও স্টইচকভ ঘ. আর্ডেসন ও রোবের্তো উ: গ

**৩৫. গাম্বিয়ার সেনাবাহিনী অভ্যুত্থানের মাধ্যমে কবে দেশের ক্ষমতা দখল করে?** [১৬তম বিসিএস]
ক. ২১ জুলাই ১৯৯৪ খ. ২২ জুলাই ১৯৯৪ গ. ২৩ জুলাই ১৯৯৪ ঘ. ২৪ জুলাই ১৯৯৪ উ: খ

**৩৬. নাইজেরিয়ার বিরোধী নেতা মাসুদ আবিওলা কবে নিজেকে নাইজেরিয়ার প্রেসিডেন্ট বলে ঘোষলা করেন?** [১৬তম বিসিএস]
ক. ৭ জুন ১৯৯৪ খ. ১১ জুলাই ১৯৯৪ গ. ১ জুলাই ১৯৯৪ ঘ. ১২ জুলাই ১৯৯৪ উ: ক

**৩৭. ১৯৯৬ সালের অলিম্পিক গেমস কোথায় অনুষ্ঠিত হবে?** [১৫তম বিসিএস]
ক. লসএঞ্জেলস খ. আটলান্টা গ. টোকিও ঘ. নয়াদিল্লি উ: খ

৩৮. **১৯৯২ সালের Wimbledon টেনিস প্রতিযোগীতায় men's singles এ কে চ্যাম্পিয়ন হন?** [১৫তম বিসিএস]
ক. Boris Becker খ. Mechael Stich গ. Andre Agassi ঘ. Stefan Edberg উ: গ

৩৯. **নিচের কোন তারিখে পিএলও ইসরাইল পারস্পরিক স্বীকৃতি দলিলে স্বাক্ষর করে?** [১৫তম বিসিএস]
ক. ১০ সেপ্টেম্বর ১৯৯৩ খ. ১১ সেপ্টেম্বর ১৯৯৩ গ. ১৩ সেপ্টেম্বর ১৯৯৩ ঘ. ২০ সেপ্টেম্বর ১৯৯৩ উ: গ

৪০. **রিওডি জেনেরিওতে অনুষ্ঠিত 'ধরিত্রী সম্মেলন' এ কত দেশের অংশগ্রহণ করেছিল?** [১৫তম বিসিএস]
ক. ১৫০ খ. ১৫৬ গ. ১৭৮ ঘ. ১৭৯ উ: ঘ

৪১. **১৯৯৭ সালে এশিয়ার কোন রাষ্ট্রে 'একদেশ, দুই নীতি' চালু হয়?** [১৪তম বিসিএস]
ক. লাওস খ. ভিয়েতনাম গ. মঙ্গোলিয়া ঘ. গণচীন উ: ঘ

৪২. **'গ্লাসনস্ত' এর অর্থ কি?** [১৪তম বিসিএস]
ক. সমাজতন্ত্রের সংগঠন খ. সমাজতন্ত্র ও গণতন্ত্রের মধ্যে সামঞ্জস্য বিধান
গ. খোলামেলা আলোচনা ঘ. সমাজতন্ত্রের পরিবর্তে গণতন্ত্র প্রতিষ্ঠা উ: গ

৪৩. **বিশ্ববিখ্যাত 'মোনালিসা' চিত্রটির চিত্রকর কে?** [১৪তম বিসিএস]
ক. মাইকেল অ্যাঞ্জেলো খ. লিওনার্দো দ্য ভিঞ্চি গ. পাবলো পিকাসো ঘ. ভ্যানগগ উ: খ

৪৪. **উৎপাদিত পণ্য বিক্রয় হিসাব অনুসারে ১৯৯০ সালে সর্ববৃহৎ বিক্রেতা -** [১৩তম বিসিএস]
ক. আইবিএম খ. জেনারেল মটরস গ. রয়াল ডাচ/শেল ঘ. ইক্সন (Exxon) উ: ক

৪৫. **১৯৯০ সালের সমীক্ষায় এশিয়ার কোন দেশ থেকে আগত যুক্তরাষ্ট্রে বসবাসকারীদের সংখ্যা সবচেয়ে বেশি?** [১৩তম বিসিএস]
ক. ফিলিপাইন খ. জাপান গ. চীন ঘ. ভারত উ: গ

৪৬. **১৯৮৮ সালের সমীক্ষায় জনপ্রতি বিদ্যুৎ খরচ সবচেয়ে বেশি কোন দেশে?** [১৩তম বিসিএস]
ক. ভারতে খ. পাকিস্তানে গ. শ্রীলংকায় ঘ. বাংলাদেশে উ: খ

৪৭. **'এশিয়া ওয়াচ' কর্তৃক সম্প্রতি উৎঘাটিত কোন অপরাধের জন্য চীনের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র Special 301 প্রয়োগ করার বিবেচনা করে?** [১৩তম বিসিএস]
ক. জুন ১৯৮৯ সালে তিয়ানমেন স্কোয়ারে সংঘটিত ট্রাজেডি খ. জেলখানায় কয়েদীদের শ্রমে উৎপাদিত দ্রব্য রপ্তানি
গ. পাকিস্তানের কাছে মিসাইল বিক্রি ঘ. আলজিরিয়ার কাছে পারমাণবিক যুদ্ধাদের প্রযুক্তি বিক্রয় উ: ক

৪৮. **'জেনারেল অ্যাগ্রিমেন্ট অন ট্যারিফ অ্যান্ড ট্রেড' (GATT) একমাত্র বহুমুখী সহায়ক সংস্থা হিসেবে বর্তমানে বিশ্ব বাণিজ্যের কত অংশের সমন্বয় সাধন করে থাকে?** [১৩তম বিসিএস]
ক. প্রায় ৭৫ শতাংশ খ. প্রায় ৮০ শতাংশ গ. প্রায় ৮৫ শতাংশ ঘ. প্রায় ৯০ শতাংশ উ: ঘ

৪৯. **শাত-ইল-আরবকে কেন্দ্র করে ইরাক ও ইরানের মধ্যে স্বাক্ষরিত চুক্তির নাম-** [১২তম বিসিএস]
ক. দামেস্ক চুক্তি খ. আলজিয়ার্স চুক্তি গ. কায়রো চুক্তি ঘ. বৈরুত চুক্তি উ: খ

৫০. **১৯৯২ সালে বিশ্ব অলিম্পিক অনুষ্ঠিত হয় কোথায়?** [১১তম বিসিএস]
ক. বার্সিলোনা খ. জুরিখ গ. বার্লিন ঘ. ব্রাসেলস উ: ক